

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকল্প পরিচালকের কার্যালয়

উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্প
এম এম আলী রোড
জেলা সমবায় কার্যালয়, যশোর।

স্মারক নং-৪৭.৬১.৪১০০.০০০.০১.০১১.২১.৪৯৪

তারিখঃ ১৪তম ১৪২৯ বঙ্গাব্দ
২৫ আগস্ট, ২০২২ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

“উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্প” সমবায় অধিদপ্তর, ঢাকা (গৃঃমওবি) শাখার ১৯/১২/২০২১ খ্রিঃ তারিখের ৪৭.৬১.০০০০.০২৪.৪০.০০৭.২১.৭ নম্বর স্মারকের প্রেক্ষিতে জেলা সমবায় কার্যালয়, যশোর এর অধীন উপজেলা সমবায় কার্যালয়, অভয়নগর নিম্নবর্ণিত শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্তে যশোর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে আবেদন আহ্বান করা যাচ্ছে।


| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | সর্ব সাকুল্যে বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---------|-------------|-------------|--------------------|---|
| ১ | ফ্যাসিলিটের | ১ টি | ১৬,৫০০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। তবে কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। |

শর্তাবলীঃ

- ০১/০৭/২২ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স ১৮ থেকে ৪০ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়স সীমা ১৮-হতে ৪২ বছরের মধ্যে হতে হবে।
- আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, নিজ জেলা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয়তা, বৈবাহিক অবস্থা উল্লেখ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ

আবেদনপত্র আগামী ২৫/৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সহকারী প্রকল্প পরিচালক, “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্প” এম এম আলী রোড, জেলা সমবায় কার্যালয়, যশোর ঠিকানায় ডাকযোগে পৌঁছাতে হবে। আবেদন পত্রের খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

- আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র মূলকপি/ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা সত্যায়িত)
 - সম্প্রতি তোলা পার্সপোর্ট সাইজের (৩) তিন কপি সত্যায়িত ছবি।
 - সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত স্থায়ী বাসিন্দা ও নাগরিকত্ব সংক্রান্ত মূল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
 - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পিতা/মাতার সনদপত্র (যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতি স্বাক্ষরিত) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
 - পরীক্ষা/সাক্ষাতকারের জন্য যোগ্য প্রার্থীদের পত্র/মোবাইল মাধ্যমে যোগাযোগ করা হবে। পরীক্ষা/সাক্ষাতকারের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
 - নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি অনুসরণ করা হবে।
 - গ্রাম পর্যায়ে অবস্থান করে গ্রামীণ মহিলাদের উন্নত জাতের গাভী পালন বিষয়ে সেবা প্রদান ও কাজ করার আগ্রহ থাকতে হবে।
 - ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


এস এম মঞ্জুরুল হক
সহকারী প্রকল্প পরিচালক

উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত
মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্প ও
জেলা সমবায় অফিসার
যশোর।